GK – B(FL)

২০১৮

# বাংলা — প্রথম ভাষা

## (নতুন পাঠক্রম)

কেবল ২০১৮ সালের প্রথম পরীক্ষার্থী এবং ২০১৭ সালের প্রথমবার পরীক্ষায় অকৃতকার্য (কন্টিনিউয়িং, কম্পার্টমেন্টাল, বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু.) পরীক্ষার্থীদের জন্য ।

সময় — ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান — ৯০
বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান — ১০০]

১. সঠিক উত্তরটি নির্বাচন করো : [১৭×১=১৭

১.১ সপ্তাহে হরিদা বহুরূপী সেজে বাইরে যান —

(ক) একদিন

(খ) দুদিন

(গ) চারদিন

(ঘ) পাঁচদিন

[পরের পাতায়

১·২ তপনের মেসোমশাই কোন্ পত্রিকার সম্পাদককে চিনতেন ?

(ক) শুকতারা

(খ) আনন্দমেলা

(গ) সন্ধ্যাতারা

(ঘ) দেশ

১·৩ "দয়ার সাগর ! পরকে সেজে দি, নিজে খাইনে" — বক্তা হলেন —

(ক) জগদীশবাবু

(খ) নিমাইবাবু

(গ) অপূর্ব

(ঘ) গিরীশ মহাপাত্র

১·৪ 'সমুদ্রনৃপতি সুতা' — কে ?

(ক) লক্ষ্মী

(খ) পদ্মা

(গ) উমা

(ঘ) বারুণী

১·৫ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' — কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ক) 'নিহিত পাতাল ছায়া'

(খ) 'পাঁজরে দাঁড়ের শব্দ'

(গ) 'দিনগুলি রাতগুলি'

(ঘ) 'জলই পাষাণ হয়ে আছে'

১·৬ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী" — 'সভ্যতার শেষ পুণ্যবাণী' —

(ক) বিদ্বেষ ত্যাগ করো

(খ) ক্ষমা করো

(গ) ভালবাসো

(ঘ) মঙ্গল করো

১·৭ 'Sensitized Paper'-এর অনুবাদ কী লিখলে ঠিক হয় বলে প্রাবন্ধিক মনে করেছেন —

(ক) স্পর্শকাতর কাগজ

(খ) সুবেদী কাগজ

(গ) সুগ্রাহী কাগজ

(ঘ) ব্যথাপ্রবণ কাগজ

১·৮ চারখণ্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে কত টাকা পেয়েছিলেন —

(ক) সাত টাকা

(খ) আট টাকা

(গ) ন-টাকা

(ঘ) দশ টাকা

১·৯ 'শ্রীপান্থ' ছদ্মনামে লিখেছেন —

(ক) অন্নদাশংকর রায়

(খ) বলাইচাঁদ মুখোপাধ্যায়

(গ) সুনীল গঙ্গোপাধ্যায়

(ঘ) নিখিল সরকার

১·১০ রাজায় রাজায় যুদ্ধ হয় — এই বাক্যের কর্তাটি হল —

(ক) প্রযোজ্য কর্তা

(খ) সহযোগী কর্তা

(গ) ব্যতিহার কর্তা

(ঘ) সমধাতুজ কর্তা

১·১১ পরপদটি প্রধান হয় যে সমাসে সেটি —

(ক) অব্যয়ীভাব

(খ) তৎপুরুষ

(গ) দ্বিগু

(ঘ) বহুব্রীহি

১·১২ রামদাস আর কোনো প্রশ্ন করিল না — নিম্নরেখ পদটি যে সমাসের উদাহরণ সেটি হল —

(ক) তৎপুরুষ

(খ) অব্যয়ীভাব

(গ) কর্মধারয়

(ঘ) দ্বিগু

১·১৩ 'তোরা সব জয়ধ্বনি কর' — এটি কোন্ বাচ্যের উদাহরণ ?

(ক) কর্তৃবাচ্য

(খ) কর্মবাচ্য

(গ) ভাববাচ্য

(ঘ) কর্মকর্তৃবাচ্য

১·১৪ হায়, তোমার এমন দশা কে করলে ! -এটি কী ধরনের বাক্য ?

(ক) অনুজ্ঞাসূচক বাক্য

(খ) বিস্ময়সূচক বাক্য

(গ) নির্দেশক বাক্য

(ঘ) প্রশ্নবোধক বাক্য

১·১৫ বয়স ত্রিশ-বত্রিশের অধিক নয়, কিন্তু ভারি রোগা দেখাইল। — এটি কোন্ শ্রেণির বাক্য ?

(ক) সরল বাক্য

(খ) জটিল বাক্য

(গ) মিশ্র বাক্য

(ঘ) যৌগিক বাক্য

১·১৬ <u>মন্দিরে</u> বাজছিল পূজার ঘণ্টা — নিম্নরেখ পদটি কোন্ কারকের উদাহরণ ?

(ক) কর্তৃকারক

(খ) করণ কারক

(গ) অপাদান কারক

(ঘ) অধিকরণ কারক

১·১৭ রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' লিখে নোবেল পুরস্কার পান — এই বাক্যের নিম্নরেখ অংশটি হল —

(ক) উদ্দেশ্য

(খ) উদ্দেশ্যের সম্প্রসারক

(গ) বিধেয়

(ঘ) বিধেয়ের সম্প্রসারক

২. কমবেশি **২০টি** শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : [১৯×১=১৯

২·১ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : [৪×১=৪

২·১·১ "তবে এ বস্তুটি পকেটে কেন" ? — কোন্ 'বস্তুটি' পকেটে ছিল ?

২·১·২ "হরিদার জীবন এইরকম বহু রূপের খেলা দেখিয়েই একরকম চলে যাচ্ছে।" — কী রকম খেলা দেখিয়ে হরিদার জীবন চলে যাচ্ছে ?

২·১·৩ "নদেরচাঁদ সব বোঝে," — নদেরচাঁদ কী বোঝে ?

২·১·৪ "একটু 'কারেকশান' করে ইয়ে করে দিলে ছাপাতে দেওয়া চলে।" — কে, কী ছাপানোর কথা বলেছেন ?

২·১·৫ "এসো, আমরা কুস্তি লড়ি।" — কে, কাকে বলেছিল ?

২·২ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : [৪×১=৪

২·২·১ "বিদ্রূপ করছিলে ভীষণকে" — কীভাবে 'বিদ্রূপ' করছিল ?

২·২·২ "কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে", — বক্তার এমন মন্তব্যের কারণ কী ?

২·২·৩ "ওরে ওই স্তব্ধ চরাচর !" — 'চরাচর' স্তব্ধ কেন ?

২·২·৪ "রক্ত মুছি শুধু গানের গায়ে" — কথাটির অর্থ কী ?

২·২·৫ "কন্যারে ফেলিল যথা" — কন্যাকে কোথায় ফেলা হল ?

২·৩ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : [৩×১=৩

২·৩·১ "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন" — শব্দের 'ত্রিবিধ কথা' কী ?

২·৩·২ "যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ বা প্রবন্ধ লেখা হয় তাদের মোটামুটি দুই শ্রেণিতে ভাগ করা যেতে পারে।" — শ্রেণি দুটি কী কী ?

২·৩·৩ দু-জন সাহিত্যিকের নাম করো যাঁদের নেশা ছিল ফাউন্টেন পেন সংগ্রহ করা।

২·৩·৪ লেখক শ্রীপান্থ ছোটোবেলায় কীসে 'হোম-টাস্ক' করতেন ?

২·৪ যে-কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও : [৮×১=৮

২·৪·১ নির্দেশক বাক্যের একটি উদাহরণ দাও।

২·৪·২ শব্দ বিভক্তির একটি উদাহরণ দাও।

২·৪·৩ প্রযোজ্য কর্তা কাকে বলে ?

২·৪·৪ নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

কহ দাসে লঙ্কার কুশল।

২·৪·৫ সম্বন্ধ পদ কাকে বলে ?

২·৪·৬ গৌর অঙ্গ যাহার — ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

২·৪·৭ কর্মকর্তৃবাচ্য কাকে বলে ?

২·৪·৮ বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো-আনাই বজায় আছে। — সরলবাক্যে পরিণত করো।

২·৪·৯ আর কোনো ভয় নেই। — প্রশ্নবোধক বাক্যে পরিবর্তন করো।

২·৪·১০ বুড়ো মানুষের কথাটা শুনো। — কর্মবাচ্যে পরিণত করো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি **৬০টি** শব্দে উত্তর দাও : [৩+৩=৬

৩·১ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৩=৩

৩·১·১ "উনি দশ বছরের অমৃতকে জড়িয়ে ধরলেন।" — 'উনি' কে? কেন অমৃতকে উনি জড়িয়ে ধরলেন? [১+২

৩·১·২ "বাবাই একদিন এঁর চাকরি করে দিয়েছিলেন।" বক্তা কে? তাঁর বাবা কাকে কী চাকরি করে দিয়েছিলেন? [১+২

৩·২ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৩=৩

৩·২·১ "সব চূর্ণ হয়ে গেল, জ্বলে গেল আগুনে।" — কোন্ কোন্ জিনিসের কথা বলা হয়েছে? এই পরিণতির কারণ কী? [১+২

৩·২·২ "আমাদের ইতিহাস নেই" — কে, কেন একথা বলেছেন? [১+২

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

৪·১ "তপন আর পড়তে পারে না। বোবার মতো বসে থাকে।" — তপনের এরকম অবস্থার কারণ বর্ণনা করো। [৫

৪·২ "অমৃত সত্যি তার বাবা-মাকে খুব জ্বালিয়েছিল।" — অমৃত কীভাবে বাবা-মাকে জ্বালাতন করেছিল ? অবশেষে অমৃতের মা কী করেছিলেন ? [৩+২

৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

৫·১ "আমরাও তবে এইভাবে/এ-মুহূর্তে মরে যাব না কি ?" — এমনটা মনে হচ্ছে কেন ? [৫

৫·২ "নমি পুত্র পিতার চরণে, করজোড়ে কহিলা;" — পিতা ও পুত্রের পরিচয় দাও। পাঠ্যাংশ অবলম্বনে পিতা ও পুত্রের কথোপকথন নিজের ভাষায় লেখো। [১+৪

[পরের পাতায়

৬. কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

৬·১ 'বাংলা ভাষায় বিজ্ঞান' শীর্ষক প্রবন্ধটিতে পরিভাষা রচনা প্রসঙ্গো লেখক যে বক্তব্য প্রকাশ করেছেন তা আলোচনা করো । [৫

৬·২ "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে ।" — কোন্ জিনিস আজ অবলুপ্তির পথে ? এই অবলুপ্তির কারণ কী ? এ বিষয়ে লেখকের মতামত কী ? [১+১+৩

৭. কম-বেশি **১২৫** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৪

৭·১ "বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয় — মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা ।" — কাদের উদ্দেশ্য করে একথা বলা হয়েছে ? এই বক্তব্যের মধ্যে দিয়ে বক্তার কী চারিত্রিক বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে ? [১+৩

৭·২ "মুন্সিজি, এই পত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন ।" — কে, কাকে পত্র লিখেছিলেন ? এই পত্রে কী লেখা ছিল ? [১+৩

৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : [২×৫=১০

৮.১ 'কোনি' উপন্যাস অবলম্বনে সাঁতার প্রশিক্ষক ক্ষিতীশ সিংহের চরিত্র সংক্ষেপে আলোচনা করো। [৫

৮.২ "ওইটেই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি" — বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। [১+৪

৮.৩ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।" — কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল তা সংক্ষেপে লেখো। [৫

৯. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : [৪

The teachers are regarded as the backbone of the society. They build the future citizens of country. They love students as their children. The teachers always encourage and inspire us to be good and great in life.

১০. কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১০·১ কুসংস্কার প্রতিরোধে বিজ্ঞানমনস্কতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো ।

১০·২ তোমার এলাকায় একটি পাঠাগার উদ্‌বোধন হল — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো ।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো : [১০

১১·১ বইপড়া

১১·২ বাংলার উৎসব

১১·৩ পরিবেশ সুরক্ষায় ছাত্রসমাজের ভূমিকা

১১·৪ তোমার বিদ্যালয় জীবনের প্রথম দিন

## [কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২. কম-বেশি **২০টি** শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো **চারটি**) : [৪×১=৪

১২·১ আফ্রিকাকে 'ছায়াবৃতা' বলার কারণ কী ?

১২·২ "অপূর্ব রাজি হইয়াছিল।" — অপূর্ব কীসে রাজি হয়েছিল ?

১২·৩ 'প্রলয়োল্লাস' কবিতায় কবি 'জয়ধ্বনি' করার কথা বলেছেন কেন ?

১২·৪ "তথা কন্যা থাকে সর্বক্ষণ" — 'তথা' বলতে কোন্ স্থানের কথা বলা হয়েছে ?

১২·৫ "ইসাবের মনে পড়ল" — ইসাবের কী মনে পড়ল ?

১৩. কম-বেশি **৬০টি** শব্দের মধ্যে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : [২×৩=৬

১৩·১ "আজ তার মনে হইল কী প্রয়োজন ছিল ব্রিজের ?" — কার মনে হল ? কেন এমন মনে হল ? [১+২

১৩·২ "অম্বুরাশি-সুতা উত্তরিলা;" —
'অম্বুরাশি-সুতা' — কে ? তিনি কী বার্তা বহন করে এনেছিলেন ? [১+২

১৩·৩ "সেই মেয়েটির মৃত্যু হলো না" — কোন্ মেয়েটির কথা বলা হয়েছে ? মেয়েটির কেন মৃত্যু হল না ? [১+২

২০১৮

# বাংলা — প্রথম ভাষা

## (পুরাতন পাঠক্রম)

২০১৭ সালের আগে অকৃতকার্য (কন্টিনিউয়িং, কম্পার্টমেন্টাল, বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু.) পরীক্ষার্থীদের জন্য ।

সময় — ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

কম্পার্টমেন্টাল ও কন্টিনিউয়িং পরীক্ষার্থীদের জন্য
পূর্ণমান — ৯০

বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু. পরীক্ষার্থীদের জন্য
পূর্ণমান — ১০০

## 'ক' বিভাগ

১. প্রতিটি উত্তর অনধিক **তিনটি** বাক্যে লিখে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×২=৪

১·১ "আর কি কোথায় ফিরে পাব সে-জীবন ।"

— কে, কোন্ জীবন ফিরে পেতে চেয়েছে ?

১·২ "হে রক্ষোরথি, ভুলিলে কেমনে ?"

— উদ্দিষ্ট ব্যক্তি কী ভুলেছিলেন ?

১·৩ "বাংলার অপরূপ রূপ দেখেছিল;"

— কে, কখন 'বাংলার অপরূপ রূপ' দেখেছিল ?

১·৪ "সবাই দেখছে যে, রাজা উলঙ্গ"

— 'সবাই' বলতে কাদের বোঝানো হয়েছে ?

২. প্রতিটি উত্তর কম-বেশি **পাঁচটি** বাক্যে লিখে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×৩=৬

২·১ "ব'সে আছে ভোরের দোয়েলপাখি"

— দোয়েলপাখি কোথায় বসে আছে ? তখন প্রাকৃতিক পরিবেশ কেমন ছিল ? [১+২

২·২ "চলতে কি তুই পারবি আপন প্রাণ বাঁচিয়ে ?"

— কবি কাদের একথা বলেছেন ? কবির এই আশঙ্কার কারণ কী ? [১+২

২·৩ "আজ্ঞা করো দাসে, শাস্তি নরাধমে ।"

— কাকে 'নরাধম' বলা হয়েছে ? তাকে 'নরাধম' বলার কারণ কী ? [১+২

[পরের পাতায়

২·৪ "পরে মাস দেড়ে ভিটেমাটি ছেড়ে বাহির হইনু পথে"

— বক্তাকে ভিটেমাটি ছাড়তে হয়েছিল কেন ? তিনি কতদিন পর নিজের ভিটেমাটিতে ফিরে এসেছিলেন ? ফিরে এসে কী দেখে তাঁর ছেলেবেলার কথা মনে পড়েছিল ? [১+১+১

৩. কম-বেশি **বারোটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৮=৮

৩·১ 'বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ' কাব্যাংশে ইন্দ্রজিতের ভর্ৎসনায় বিভীষণের যে প্রতিক্রিয়া প্রকাশ পেয়েছে তা উল্লেখ করে বিভীষণের চরিত্র বিশ্লেষণ করো ।

৩·২ 'উলঙ্গ রাজা' কবিতায় কবি কোন্ সামাজিক সত্যের পরিচয় দিয়েছেন তা লেখো ।

৪. উৎস-নির্দেশ করে যে-কোনো **একটি** টীকা অনধিক **চারটি** বাক্যে লেখো : [১×২=২

৪·১ রাজবস্ত্র

৪·২ গাঙুড়

৪·৩ মধুকর ডিঙা

৪·৪ বঙ্গের বধূ

৫. কম-বেশি **দশটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

৫·১ 'মৃত্যুঞ্জয়' কবিতায় মৃত্যু সম্পর্কে কবির যে প্রাথমিক প্রতিক্রিয়া প্রকাশ পেয়েছে তা লেখো। 'আমি মৃত্যু চেয়ে বড়' — এই সিদ্ধান্তে কবি কীভাবে পৌঁছোলেন ? [৩+২

৫·২ 'স্বাগত' কবিতায় কবি দুর্ভিক্ষপীড়িত সমাজের যে করুণ ছবি তুলে ধরেছেন তা নিজের ভাষায় লেখো। এই পরিস্থিতি কাটিয়ে ওঠার প্রত্যাশা কবিতায় কীভাবে প্রকাশ পেয়েছে ? [৩+২

৬. নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয়ে অনধিক ৪০০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখো : [১৫

৬·১ একটি গাছ একটি প্রাণ

৬·২ চরিত্রগঠনে খেলাধুলোর ভূমিকা

৬·৩ একটি স্মরণীয় ঘটনা

৬·৪ তোমার প্রিয় লেখক

৭. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : [৫

Last Saturday was a memorable day in my life. I went to the river for taking my bath as usual. The bathing ghat was not crowded then. Only two boys were bathing in the river at that time. Suddenly one of them fell in deep water and he cried out for help.

## 'খ' বিভাগ

৮. প্রতিটি উত্তর অনধিক **তিনটি** বাক্যে লিখে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×২=৪

৮·১ "ঘর আর মোর তো নয়" — বক্তার একথা বলার কারণ কী ?

৮·২ "ইহাতে কোনোদিন অদৃষ্টকে দোষ দিই নাই ।" — বক্তা কোন্ বিষয়ে অদৃষ্টকে দোষ দেন নি ?

৮·৩ "পঞ্চাশ হাজার বাতির এমন বিজলি আলো জ্বলে উঠল কোথা থেকে ?" — কী দেখে এমন মনে হয়েছিল ?

৮·৪ "যা পায় সব ওরা বেচে দেয় যশোদের কাছে ।" — কারা, কী কী বেচে দেয় ?

৯. প্রতিটি উত্তর কম-বেশি **পাঁচটি** বাক্যে লিখে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×৩=৬

৯·১ "কী বলিয়া পূর্বকৃত নৃশংস আচরণের নিমিত্ত ক্ষমাপ্রার্থনা করিবেন, তাহা স্থির করিতে পারিলেন না ।" — 'পূর্বকৃত নৃশংস আচরণের' পরিচয় দাও । সেই আচরণের কথা মনে পড়ার পর উদ্দিষ্ট ব্যক্তির কী প্রতিক্রিয়া হয়েছিল ? [২+১

৯·২ “সে ছিল মুক্ত, আমি ছিলাম বদ্ধ”

— ‘সে’ ও ‘আমি’ বলতে কাদের বোঝানো হয়েছে ? ‘সে’ মুক্ত ও ‘আমি’ বদ্ধ কেন ? [১+২

৯·৩ “তখনই গৌরবি বুঝেছিল কী ভয়ানক প্রতিহিংসা নিবারণের,”

— নিবারণ কে ? তার প্রতিহিংসার কারণ কী ? [১+২

৯·৪ “শ্রীমন্ত, তুইয়ে তো দ্যাখোঁ মোর ফ্যারিস্তা হলুরে ।”

— ‘ফ্যারিস্তা’ কথাটির অর্থ কী ? শ্রীমন্তকে ‘ফ্যারিস্তা’ বলার কারণ কী ? [১+২

১০. কম-বেশি **বারোটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৮=৮

১০·১ “সৌজন্য ও সদ্ব্যবহার বিষয়ে অসভ্য জাতি, সভ্যজাতি অপেক্ষা কত অংশে উৎকৃষ্ট ।”

— ‘সভ্য ও অসভ্য’ রচনাটির কাহিনি বিশ্লেষণ করে কথাটি কতটা যুক্তিসঙ্গত, তা আলোচনা করো ।

১০·২ “এমন ধরনের দৃশ্য ওরা জীবনে কখনো দেখেনি !”

— ‘অগ্নিদেবের শয্যা’ রচনা অবলম্বনে দৃশ্যটি এবং তার পরবর্তী ঘটনা নিজের ভাষায় সংক্ষেপে লেখো ।

১১. উৎস-নির্দেশ করে যে-কোনো **একটি** টীকা অনধিক **চারটি** বাক্যে লেখো : [১×২=২

১১·১ ঘাটবাঁধানো পুকুর

১১·২ পর্ণশালা

১১·৩ ফুলজান

১১·৪ খুঁটির জোর

১২. কম-বেশি **দশটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১২·১ 'অযান্ত্রিক' গল্প অবলম্বনে জগদ্দলের পরিচয় দাও। গল্পটিতে যন্ত্র ও মানুষের আন্তরিক সম্পর্কের প্রকাশ কীভাবে পাওয়া যায় ? [৩+২

১২·২ 'বঙ্কুবাবুর বন্ধু' গল্পে শ্রীপতিবাবুর বাড়িতে আড্ডায় উপস্থিত বিভিন্ন সদস্য কীভাবে বঙ্কুবাবুর সঙ্গে রসিকতা করত ? শেষ পর্যন্ত বঙ্কুবাবু কীভাবে তার উপযুক্ত জবাব দিয়েছিলেন ? [৩+২

১৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : [৩×২=৬

১৩·১ নীচের বাক্যগুলিতে যে-সব সন্ধিবদ্ধ পদ আছে, তাদের সন্ধি-বিচ্ছেদ করো (যে-কোনো **দু'টি**) : [২×১=২

১৩·১·১ নন্দনকাননে ভ্রমে দুরাচার দৈত্য ?
[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩·১·২ মসজিদ আর মন্দির ওই শয়তানদের মন্ত্রণাগার। [পথের দিশা]

১৩·১·৩ গণেশ বর্মনটা দেখি ফ্যালাছিল। [ছেঁড়া তার]

১৩·১·৪ গৌরবির কথা শুনে ওর সর্বাঙ্গ জ্বলে গেল। [হারুন সালেমের মাসি]

১৩·২ নীচের বাক্যগুলিতে যে-সব সমাসবদ্ধ পদ আছে, তাদের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে-কোনো **দু'টি**) : [২×১=২

১৩·২·১ তাঁহার আহারের ও শয়নের যথাসম্ভব ব্যবস্থা করিয়া দিল। [সভ্য ও অসভ্য]

১৩·২·২ ভাবছে তারা সুন্দরেরই জয়ধ্বনি করছে জোরে। [পথের দিশা]

১৩·২·৩ শুধু দুটি আম ভিখ মাগি মহাশয়। [দুই বিঘা জমি]

১৩·২·৪ বছিরকে নিয়া মুই যাই শহরে — বাড়ি-ঘর দেখিস। [ছেঁড়া তার]

[পরের পাতায়

১৩.৩ নীচের চিহ্নিত পদগুলির অন্বয়গত পরিচয় দিয়ে বিভক্তি/অনুসর্গ নির্দেশ করো (যে-কোনো **দুটি**) : [২×১=২

১৩.৩.১ পাঠাইব রামানুজে শমন-ভবনে ।

[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩.৩.২ মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে ।

[বাংলার মুখ আমি দেখিয়াছি]

১৩.৩.৩ কোনো কারণেই মোজা পরি নাই ।

[ঘর ও বাহির]

১৩.৩.৪ মা ললে না মাসি ।

[হারুন সালেমের মাসি]

১৩.৪ নির্দেশ অনুসারে রূপান্তর করো (যে-কোনো **দু'টি**) : [২×১=২

১৩.৪.১ পুষ্করিণী নির্জন হইয়া গেলে সেই বটগাছের তলাটা আমার সমস্ত মনকে অধিকার করিয়া লইত ।

[ঘর ও বাহির] [চলিত গদ্যে]

১৩·৪·২ হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে ।
[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ] [লেখ্য গদ্যে]

১৩·৪·৩ শংকরের তো তাই বলেই মনে হল ।
[অগ্নিদেবের শয্যা] [কর্তৃবাচ্যে]

১৩·৪·৪ আজ আমার কুটিরে অবস্থিতি করুন ।
[সভ্য ও অসভ্য] [ভাববাচ্যে]

১৩·৫ নীচের বাক্যগুলির ক্রিয়াপদের 'প্রকার' নির্ণয় করো (কাল-নির্দেশ নিষ্প্রয়োজন) (যে-কোনো **দু'টি**) :

[২×১=২

১৩·৫·১ বাংলার মুখ আমি দেখিয়াছি ।
[বাংলার মুখ আমি দেখিয়াছি]

১৩·৫·২ আমার সমস্ত কষ্ট সার্থক হল ।
[অগ্নিদেবের শয্যা]

১৩·৫·৩ বাবু ছিপ হাতেপারিষদ সাথে ধরিতেছিলেন মাছ । [দুই বিঘা জমি]

১৩·৫·৪ ওর মা বামুনদের গাই বিয়োলে বকনা বাছুর এনে পালত ।
[হারুন সালেমের মাসি]

১৩·৬ নীচের চিহ্নিত ক্রিয়াপদগুলি গঠনগত দিক থেকে কী ধরনের তা নির্ণয় করো (যে-কোনো **দু'টি**) : [২×১=২

১৩·৬·১ চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে ? [বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩·৬·২ বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে । [দুই বিঘা জমি]

১৩·৬·৩ আলভারেজ ম্যাপ দেখে বললে । [অগ্নিদেবের শয্যা]

১৩·৬·৪ হারার মা-র কথা মনে পড়ল । [হারুন সালেমের মাসি]

১৪. নির্দেশ অনুসারে উত্তর দাও : [১৪

১৪·১ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১৪·১·১ 'সমাস' শব্দটির সাধারণ অর্থ কী ? ব্যাকরণের কোন্ প্রসঙ্গে শব্দটি ব্যবহৃত হয় ? দুটি উদাহরণের সাহায্যে 'সমাস' বিষয়টি বুঝিয়ে দাও । [১+১+৩

১৪·১·২ গঠন অনুসারে বাক্যকে কয়টি ভাগে ভাগ করা যায় ? যে-কোনো দুটি ভাগের নাম লিখে, প্রত্যেকটির একটি করে উদাহরণ দাও । [১+২+২

১৪·২ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : [৩×৩=৯

১৪·২·১ বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও (যে-কোনো **তিনটি**) : [৩×১

সমাপিকা ক্রিয়া, পুরাঘটিত বর্তমান, নামধাতুজ ক্রিয়া, প্রযোজক ক্রিয়া, ভবিষ্যৎ অনুজ্ঞা ।

১৪·২·২ নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো (যে-কোনো **তিনটি**) : [৩×১

১৪·২·২·১ তাহার কিছুই নির্ণয় করিতে পারিলেন না ।
[প্রশ্নবোধক বাক্যে]

১৪·২·২·২ এত কাছে পেয়েও গুলি করতে ভুলে গেল ।
[যৌগিক বাক্যে]

১৪·২·২·৩ রেললাইনের দিকে চেয়ে থাকে। [জটিল বাক্যে]

১৪·২·২·৪ কাহারও উত্তর পাইলেন না। [অস্ত্যর্থক বাক্যে]

১৪·২·২·৫ আমাদের এক চাকর ছিল, তাহার নাম শ্যাম। [সরল বাক্যে]

১৪·২·৩ নীচের চিহ্নিত পদগুলি কী জাতীয় অব্যয় তা নির্দেশ করো (যে-কোনো **তিনটি**) : [৩×১

১৪·২·৩.১ সময় চলিয়া যায় নদীর স্রোতের <u>প্রায়</u>।

১৪·২·৩.২ ও <u>বুঝি</u> নতুন এসেছে।

১৪·২·৩.৩ <u>যেমন</u> চাষা তার <u>তেমনি</u> বলদ।

১৪·২·৩.৪ <u>ওগো</u> আজ তোরা যাসনে ঘরের বাহিরে।

১৪·২·৩.৫ নির্জন নদীর ধারে <u>কিংবা</u> কোনো প্রান্তরের গাছের ছায়ায়।

১৪·২·৪ নীচের শব্দদ্বৈতগুলি কী কী অর্থে ব্যবহৃত হয়েছে লেখো (যে-কোনো **তিনটি**) : [৩×১

১৪·২·৪·১ বন্যার জলে মাঠ থৈথৈ করছে।

১৪·২·৪·২ কাটিতে কাটিতে ধান এল বরষা।

১৪·২·৪·৩ তিন বছর বনে বনে কেটে গেল।

১৪·২·৪·৪ পিছনে পিছনে লেগে থাকতে হবে।

১৪·২·৪·৫ আকাশ জুড়ে মেঘ করেছে, সূয্যি ডোবে ডোবে।

১৪·২·৫ নীচের বাক্যগুলি শুদ্ধ করে আবার লেখো (যে-কোনো **তিনটি**) : [৩×১

১৪·২·৫·১ যে যে যাবে সবাই এসো।

১৪·২·৫·২ সে মামলায় সাক্ষী দিতে এসেছে।

১৪·২·৫·৩ খাঁটি গোরুর দুধ খাওয়া দরকার ।

১৪·২·৫·৪ অতিথিবৃন্দরা চলে এসেছেন।

১৪·২·৫·৫ শ্রীমতি বসু এই অনুষ্ঠানের প্রধান বক্তা ।

## [কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১৫. কম-বেশি **দশটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১৫·১ "নমোনমো নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি"

— 'দুই বিঘা জমি' কবিতায় সুন্দরী বঙ্গভূমির যে রূপ বর্ণিত হয়েছে তা নিজের ভাষায় লেখো ।

১৫·২ 'পথের দিশা' কবিতায় কবি দেশের যে পরিস্থিতি দেখে চিন্তিত হয়েছেন তা আলোচনা করো ।

১৬. কম-বেশি দশটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১৬.১ 'ঘর ও বাহির' রচনা অবলম্বনে রবীন্দ্রনাথের ছেলেবেলার বিলাসিতা-বর্জিত সাধারণ জীবনযাত্রার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

১৬.২ "গৌরবি আর হারা অন্ধকারে গ্রাম ছেড়ে পালিয়ে গেল ।"

— কোন্ পরিস্থিতিতে গৌরবি ও হারাকে গ্রাম ছাড়তে হয়েছিল, তা আলোচনা করো ।

———